

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.২০৮.২০১৯/৬৭৭৫/৪

তারিখ: ১২/০৯/২০১৯খ্রিস্টাব্দ

বিষয় : মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-১৭৫১/২০১৯ এর আদেশ অনুযায়ী ঠাকুরগাঁও জেলার পীরগঞ্জ উপজেলাধীন ডি এন ডিগ্রি কলেজের ১১ জন ৩য় প্রভাষকের এমপিওভুক্তি।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০১.২০১৭.১২৯; তারিখ: ১৫/০৫/২০১৯খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রস্থ পত্র মোতাবেক মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং- ১৭৫১/২০১৯ এর আদেশের প্রেক্ষিতে ডি এন ডিগ্রি কলেজে কর্মরত স্নাতক (পাস) পর্যায়ে ৩য় শিক্ষক হিসেবে নিয়োগ প্রাপ্ত ১১ জন শিক্ষককে এমপিওভুক্তিসহ বেতন ভাতা প্রদানের বিষয়ে এমপিও সংক্রান্ত জারিকৃত নীতিমালা এবং পরিপত্র অনুযায়ী পিটিশনারের আবেদন নিষ্পত্তি করার জন্য এবং নিষ্পত্তির বিষয়টি মহামান্য হাইকোর্ট বিভাগকে অবহিত করার জন্য শিক্ষা মন্ত্রণালয় হতে অনুরোধ করা হয়েছে।

১১ জন ৩য় প্রভাষকের নিয়োগ ও যোগদান সংক্রান্ত বিবরণ নিম্নরূপ:

ক্র: নং	নাম ও পদবী	বিষয় অধিভুক্তির তারিখ	নিয়োগ ও যোগদান
০১	মাসুদা বেগম প্রভাষক, বাংলা	৩০/০৬/১৯৯৯	নিয়োগ- ২২/০২/২০১৭ যোগদান-২৫/০২/২০১৭
০২	মোঃ তানভীর রায়হান প্রভাষক, ইংরেজী	৩০/০৬/১৯৯৯	নিয়োগ- ২২/০২/২০১৭ যোগদান-২৩/০২/২০১৭
০৩	মোছাঃ রুবিনা আকতার প্রভাষক, অর্থনীতি	৩০/০৬/১৯৯৯	নিয়োগ- ২২/০২/২০১৭ যোগদান-২৩/০২/২০১৭
০৪	মোছাঃ তাজরিনা আকতার প্রভাষক, রাষ্ট্রবিজ্ঞান	৩০/০৬/১৯৯৯	নিয়োগ- ২২/০২/২০১৭ যোগদান-২৩/০২/২০১৭
০৫	স্বর্ণ রাণী বর্মণ প্রভাষক, ইতিহাস	৩০/০৬/১৯৯৯	নিয়োগ- ২২/০২/২০১৭ যোগদান-২৩/০২/২০১৭
০৬	মুনিরা খাতুন প্রভাষক, ইস: ইতিহাস ও সংস্কৃতি	২৭/১১/২০০১	নিয়োগ- ২২/০২/২০১৭ যোগদান-২৬/০২/২০১৭
০৭	মোছাঃ নিশাত শারমিন সুইটি প্রভাষক, দর্শন	২৭/১১/২০০১	নিয়োগ- ২২/০২/২০১৭ যোগদান-২৫/০২/২০১৭
০৮	মোছাঃ আনার কলি প্রভাষক, সমাজবিজ্ঞান	২৭/১১/২০০১	নিয়োগ- ২২/০২/২০১৭ যোগদান-২৮/০২/২০১৭
০৯	শাহী কল্লোল আল আমিন প্রভাষক, ইসলামী শিক্ষা	১৪/০২/২০০৭	নিয়োগ- ২২/০২/২০১৭ যোগদান-২৩/০২/২০১৭
১০	মোঃ নুরুজ্জামান প্রভাষক, ব্যবস্থাপনা	১৩/১১/২০১৭	নিয়োগ- ২২/০২/২০১৭ যোগদান-২৬/০২/২০১৭
১১	মোঃ লিমন ফরহাদ প্রভাষক, হিসাববিজ্ঞান	১৩/১১/২০১৭	নিয়োগ- ২২/০২/২০১৭ যোগদান-২৫/০২/২০১৭

আইন শাখার মতামত: ঠাকুরগাঁও জেলার পীরগঞ্জ উপজেলাধীন ডি.এন ডিগ্রি কলেজের প্রভাষক (বাংলা) জনাব মাসুদা বেগম গং (মোট ১১ জন) এমপিওভুক্ত হওয়ার লক্ষে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ১৭৫১/২০১৯ দায়ের করেন। উক্ত রিট পিটিশনে মহামান্য হাইকোর্ট বিভাগ বিবাদীগণের প্রতি রুলনিশী জারিসহ অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করেন। অন্তর্বর্তীকালীন আদেশে পিটিশনারগণের ১২.১০.২০১৮খ্রি. তারিখে দাখিলকৃত আবেদন (Annexure-D) বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য ৩নং বিবাদী (মহাপরিচালক, মাউশি) কে নির্দেশ প্রদান করা হয়। উক্ত আদেশে ৯০ দিনের মধ্যে আবেদন নিষ্পত্তি করার বিষয়টি উল্লেখ রয়েছে। শিক্ষা মন্ত্রণালয় ও ১৫.০৫.২০১৯খ্রি. তারিখের পত্রে জনবল কাঠামোর বিধি বিধানের আলোকে নিষ্পত্তি করার জন্য মাউশিকে অনুরোধ করেন। এই অবস্থায়, মহামান্য হাইকোর্টের অন্তর্বর্তীকালীন আদেশ ও মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসারে ১৫.০৫.২০১৯খ্রি. তারিখের আবেদন বিধি মোতাবেক নিষ্পত্তি করতে হবে এবং পিটিশনারগণকে অবহিত করতে হবে।

শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫(অংশ)-৯৪২; তারিখ: ১১/১১/২০১৫খ্রি. পরিপত্রের ৩ নং ক্রমিকে উল্লেখ আছে- “কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান যদি ২২ অক্টোবর ২০১৫ তারিখ বা তৎপরবর্তী সময়ে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে কোন পদে নিয়োগ প্রদান করে তাহলে তা অবৈধ নিয়োগ বলে বিবেচিত হবে”। উক্ত পরিপত্র মোতাবেক বর্ণিত ১১ জন শিক্ষকের নিয়োগের বিজ্ঞপ্তি ২২ অক্টোবর ২০১৫খ্রি. তারিখের পূর্বে প্রদান করা হয়নি। এছাড়া শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-৩৭.০০.০০০০.০৭৩.০৮.০০৬.১৬-৩৫৪; তারিখ: ১৯/১০/২০১৬খ্রি. মোতাবেক তাদের নিয়োগ প্রক্রিয়া ডিসেম্বর ২০১৬খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন হয়নি বিধায় তাদের নিয়োগ যথাযথ হয়নি।

এমতাবস্থায়, বর্ণিত ১১ জন ৩য় শিক্ষকের নিয়োগ যথাযথ না হওয়ায় এমপিওভুক্ত করা সম্ভব নয়।

অবএব, বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

১২.৭.১৭

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং-৯৫৫৬০৫৭

Email:ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ

ডি. এন ডিগ্রি কলেজ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও

অনুলিপি:

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, ডি. এন ডিগ্রি কলেজ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
- ২। সহকারী পরিচালক (আইন) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (মহামান্য হাইকোর্ট বিভাগকে অবহিত করার অনুরোধসহ)।
- ৩। জনাব ....., ডি. এন ডিগ্রি কলেজ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও (সংশ্লিষ্ট পিটিশনার)।
- ৪। সংরক্ষণ নথি।